# ইসবগুল প্লাস

## সিলিয়াম এণ্ড সেনা লিভ
## হারবাল ঔষধ

**বিবরণ: ইসবগুল প্লাস** হচ্ছে অত্যন্ত কার্যকর হারবাল ফর্মুলা যা ইসবগুল এবং সোনাপাতা (৩ঃ১) এই ২টি ল্যাক্সেটিভ ভেষজের সমন্বয়ে প্রস্তুত। ইসবগুল এর রয়েছে নিজের ওজনের চেয়ে ৪০ গুন বেশি পানি শোষণের ক্ষমতা এবং সোনাপাতা বৃহদন্ত্র হতে পানি এবং ইলেক্ট্রোলাইট সমূহ পরিশোষণে বাধা প্রদান করে যা আন্ত্রিক উপাদানের পরিমাণ ও চাপ বাড়িয়ে দেয় এবং অন্ত্রে পেরিসটা-লটিক মুভমেন্ট বৃদ্ধি করে। ফলে ইসবগুল প্লাস অন্ত্রের গতিবিধি নিয়ন্ত্রণ করে এবং কোষ্ঠকাঠিন্য দূর করে। বাইল এসিড কোলেস্টেরলে উপস্থিত ফ্যাট হজমের জন্য একটি গুরুত্বপূর্ণ উপাদান। ইসবগুল এর দ্রবনীয় ফাইবার বাইল এসিড এর সাথে যুক্ত হতে পারে যার ফলশ্রুতিতে ফ্যাট এর নিঃসরণের মাধ্যমে রক্তে বিদ্যমান কোলেস্টেরলের মাত্রা হ্রাস পায়। ইসবগুল প্লাস নিয়মিত ব্যবহারে পেটের অতিরিক্ত গ্যাস দূর করে, অন্ত্রপ্রদাহ, অন্ত্রের প্রদাহজনিত সংক্রমণ, আইবিএস এবং আলসারেটিভ কোলাইটিস, হজমশক্তি বৃদ্ধি করে এবং ডাইজেসটিভ সিস্টেম এর কার্যকারিতা স্বাভাবিক করে ও অন্ত্রের কার্যকারিতা বৃদ্ধি করে।

উপাদান: প্রতি ৪ গ্রাম ইসবগুল প্লাস এ রয়েছে নিম্নোক্ত হার্বস সমূহের পাউডার ঃ

| ক্রমিক | বাংলা নাম | বৈজ্ঞানিক নাম | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | ইসবগুল ভুসি | *Plantago ovata* | ৩.০০ গ্রাম |
| ২ | সোনা পাতা | *Cassia angustifolia* | ১.০০ গ্রাম |

**কার্যকারিতা ও ব্যবহার:** কোষ্ঠকাঠিন্য, অন্ত্র প্রদাহ, আইবিএস, আলসারেটিভ কোলাইটিস ও অর্শ্ব।

**সেবন মাত্রা ও সেবন বিধি: প্রাপ্ত বয়স্ক:** ১টি স্যাচেটের সবটুকু উপাদান অথবা ৪ গ্রাম পাউডার ১৫০-২০০ মিলি পানিতে মিশিয়ে দৈনিক ১-২ বার।

**অপ্রাপ্তবয়স্ক: ৬-১২ বছর:** ১টি স্যাচেটের অর্ধেক (১/২) - সম্পূর্ণ পরিমাণ পাউডার অথবা ২-৪ গ্রাম পাউডার ১৫০-২০০ মিলি পানিতে মিশিয়ে দৈনিক ১-২ বার।

**৬ বছরের নিচে:** চিকিৎসকের পরামর্শ অনুযায়ি গ্রহণ করা উচিত। ১টি স্যাচেটের অর্ধেক (১/২) পরিমাণ পাউডার অথবা ২ গ্রাম পাউডার ১৫০-২০০ মিলি পানিতে মিশিয়ে দৈনিক ১-২ বার।

**গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালে এর ব্যবহার:** ইসবগুল প্লাস গর্ভাবস্থায় প্রয়োগ উচিত নয়। তবে ইহা মাতৃদুগ্ধে নিঃসৃত হয় না বিধায় স্তন্যদানকালে এটি সেবন করা নিরাপদ।

**পার্শ্ব-প্রতিক্রিয়া:** কিছু কিছু ক্ষেত্রে পেট ফাঁপা, পাকস্থলীর স্ফীতি ও আন্ত্রিক প্রতিবন্ধকতা জনিত পার্শ্ব-প্রতিক্রিয়া দেখা যেতে পারে।

**বিরূপ-প্রতিক্রিয়া:** শুকনো পাউডার মুখে খাওয়ার সময় কিছু কিছু ক্ষেত্রে খাদ্যনালীতে প্রতিবন্ধকতার ফলে বিরূপ প্রতিক্রিয়া দেখা যেতে পারে।

**সতর্কতা:** ইসবগুল প্লাস সেবনকালীন সময়ে পর্যাপ্ত পরিমাণ পানি পান করতে হবে। আন্ত্রিক প্রতিবন্ধকতা ও এপেনডিসাইটিস জনিত সমস্যায় সেবন নিষেধ।

**সংরক্ষণ:** আলো থেকে দূরে, শুষ্ক ও ঠান্ডা স্থানে এবং শিশুদের নাগালের বাইরে সংরক্ষণ করুন।

**পরিবেশনা:** প্রতিটি বক্সে আছে ৪ গ্রাম পাউডার সম্বলিত ২০টি স্যাচেট।
প্রতিটি প্লাস্টিক কনটেইনারে আছে ১০০ গ্রাম ইসবগুল প্লাস পাউডার।

IBN SINA
**দি ইবনে সিনা** ন্যাচারাল মেডিসিন লিঃ
(হারবাল বিভাগ) সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।